

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৭০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশা আকাজ্ফা ও উদ্বেগ প্রসঙ্গ

الفصل الاول (باب الأمل والحرص)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَهْرَمُ ابْنُ آدَمَ وَيَشِبُّ مِنْهُ اثْنَانِ: الْحِرْصُ عَلَى الْعُمُرِ . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6421) و مسلم (115 / 1047)، (2412) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫২৭০-[৩] উক্ত রাবী (আনাস রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী (সা.) বলেছেন : আদম সন্তান বৃদ্ধ হয় এবং দুটি জিনিস তার মধ্যে জওয়ান হয়- সম্পদের প্রতি ভালোবাসা এবং দীর্ঘ জীবনের আকাজ্ফা। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ বুখারী ৬৪২১, মুসলিম ১১৫-(১০৪৭), তিরমিয়ী ২৪৫৫, ইবনু মাজাহ ৪২৩৪, মুসনাদে আহমাদ ১৩০২১, সহীহুল জামি ৮১৭৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৯০৬, আবু ইয়া'লা ২৯৭৯, সহীহ ইবনু হিবান ৩২২৯, শুআবুল ঈমান ১০২৬১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৭৪৫, আল মু'জামুল আওসাত্ব ৮৮৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : 'আরবী (بَابُ سَمِعَ) শব্দটি (بَابُ سَمِعَ) থেকে এসেছে,(الْهُرَمُ) মাসদার থেকে এর অর্থ বৃদ্ধ হওয়া, চুল সাদা হয়ে যাওয়া; এখানে দুর্বল হওয়ার অর্থে ব্যবহৃত হয়েছে।

(يَشِبُ) শব্দটির ব্যাখ্যা করতে গিয়ে মুল্লা আলী ক্বারী বলেন,(يَشْبِوُ وَيَقُوٰى) অর্থাৎ বাড়ে এবং শক্তিশালী হয়। অর্থাৎ আদম সন্তান বৃদ্ধ ও দুর্বল হয়ে যায় কিন্তু তার দু'টি বস্তু বাড়তে থাকে এবং খুব শক্তিশালী হতে থাকে।



ইমাম বায়হাকীর 'তাজ' অনুরূপ কামূস' গ্রন্থে বলা হয়েছে:أَنَّ الْهَرَمَ كِبَرُلسِّنِّ مِنْ بَابِ عَلِمَ، وَشَبَّ شَبَابًامِنْ بَابِ

(هَرِمَ) শব্দটি অধিক বয়সের ক্ষেত্রে ব্যবহার করা হয়, এটি (بَابُ عَلِمَ) থেকে এসেছে আর(شَبَّ شَبَابٌ) এসেছে (ضَرَبَ) এর অধ্যায় থেকে।

সম্পদের লোভ হলো সম্পদ জমা করা বা পুঞ্জিভূত করা, তা কাউকে না দেয়া। আর দীর্ঘ জীবনের আকাজ্ফা হলো মৃত্যুকে দূরে ভাবা এবং হায়াতের সীমানায় কুলাবে না জেনেও দীর্ঘকাল বাঁচার আশায় আ'মাল স্থগিত রাখা কিংবা পরে করব বলে বিলম্বিত করা।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেন,(اَسْتِعَارَةٌ) শব্দটি (اَسْتِعَارَةٌ) বা অলঙ্কার শাস্ত্রের রূপক ব্যবহার, এর অর্থ হলো-বৃদ্ধের অন্তর বা কলব দুনিয়ার আশা-আকাজ্ফার ক্ষেত্রে যুবকের যৌবনকালের শক্তিতে শক্তিমান। (মিরকাতুল মাফাতীহ; লুম'আহ্ ৮ম খণ্ড, ৪৮৭ পূ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন